দৈনিক সংবাদ

তারিখ 07 NOV 1992
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৭ ...

130

# সরকারী মদদে শিক্ষা প্রতিষ্ঠানে সন্ত্রাস চলছেঃ হাসিনা

আওয়ামী লীগের সভানেত্রী ও সংসদে বিরোধদলের নেত্রী শেখ হাসিনা শিক্ষাঙ্গনে বিরাজমান সন্ত্রাসে উদ্বেগ প্রকাশ করে বলেছেন, সরকারী মদদে ও প্রশাসনের ছত্রছায়ায় দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সন্ত্রাস চলছে। সরকার সন্ত্রাস দমনের অজুহাতে কালো আইন জারি করে বিরোধীদলের নেতা-কর্মীদের হয়রানি করছে। আর সরকারীদলের সমর্থকরা শিক্ষা অংগনগুলো অস্ত্রের জোরে দখল করে নিচ্ছে।

গতকাল বিকেলে মিন্টু রোডস্থ বাসভবনে আওয়ামী লীগের বিগত কাউন্সিল অধিবেশনে শান্তি-শৃংখলা রক্ষায় নিয়োজিত প্রায় ৫শ' স্বেচ্ছাসেবকের দলটি সাক্ষাৎ করতে গেলে শেখ হাসিনা এ কথা বলেছেন।

আওয়ামী লীগের কাউন্সিল অধিবেশন সুষ্ঠুভাবে সম্পন্ন করার দায়িত্ব পালন করায় তিনি স্বেচ্ছাসেবকদের অভিনন্দন জানান।

এম, এ মান্নান কচির সভাপতিত্বে অনু-

শিক্ষাঙ্গন ঃ পৃঃ ৮ কঃ ৭

## শিক্ষাঙ্গন ঃ হাসিনার উদ্বেগ

( ১ম পৃষ্ঠার পর )

ষ্ঠিত সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য আমির হোসেন আমু, শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক সম্পাদক ওবায়দুল কাদের, স্বাস্থ্য, জনসংখ্যা ও পরিবেশ বিষয়ক উপ-পরিষদের সদস্য কামরুজ্জামান আনসারী, মহানগর যুবলীগের আশরাফ উদ্দীন আহমদ। অনুষ্ঠান পরিচালনা করেন সাবেক ছাত্রনেতা আওলাদ হোসেন।